

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন  
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

সূত্রঃ ২৮.০৩.০০০০.০৮২.০১.০১৪.১৭-

তারিখঃ ২০/০৫/২০১৯

বিষয়ঃ “বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন” সংক্রান্ত সভার কার্যবিবরণী।

বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের “বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন” সংক্রান্ত কমিটির মাসিক সভা কর্পোরেশন এর সচিব জনাব কাজী মোহাম্মদ হাসান এর সভাপতিত্বে ১২-০৫-২০১৯ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় বিপিসি’র বোর্ড সভা কক্ষে অনুষ্ঠিত হয় (সভার উপস্থিতিঃ সংলগ্নী-ক)।

২.০ আলোচনাঃ

সভার প্রারম্ভে সভাপতি বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। গত ২৮/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম এর অগ্রগতি নিয়ে সভায় বিশদভাবে আলোচনা করা হয়। সভায় ইনোভেশন টিমের সদস্য-সচিব বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের ২০ জন কর্মকর্তার জন্য গত ০৯-১০ মার্চ, ২০১৯ তারিখে বিআইএম চট্টগ্রাম ক্যাম্পাসে আয়োজিত ০২ (দুই) দিনব্যাপী “পাবলিক সার্ভিস ইনোভেশন” শীর্ষক প্রশিক্ষণটি সফলভাবে সম্পন্ন হয়েছে মর্মে অবহিত করে। সভার সভাপতি বিপিসি ও কোম্পানিসমূহের সিটিজেন চার্টার হালনাগাদ করার জন্য অনুরোধ জানান। এছাড়া আলোচ্য সভায় নিম্নবর্ণিত বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়ঃ

(i) ০২ (দুই) দিনব্যাপী “পাবলিক সার্ভিস ইনোভেশন” শীর্ষক প্রশিক্ষণটিতে অংশগ্রহণকারী কর্মকর্তারা প্রশিক্ষন হতে অর্জিত জ্ঞানের আলোকে অপারেশনাল বিভিন্ন কার্যক্রমকে আধুনিকায়ন করার বিষয়ে অভিপ্রায় ব্যক্ত করলে সভাপতি তা লিখিত আকারে উপস্থাপন করার বিষয়ে অনুরোধ জানান যাতে পরবর্তী পদক্ষেপ গ্রহণ সহজতর হয়। সে প্রেক্ষিতে এলপি গ্যাস লিমিটেড এর প্রতিনিধি সভায় এলপিজি সিলিন্ডার সরবরাহের পর কাস্টমার পর্যায়ে এলপি গ্যাস কম পাওয়ার বিষয় উল্লেখ করে এলপিজি সিলিন্ডার এর Cap Sealing এর ক্ষেত্রে আধুনিক পদ্ধতি ব্যবহারের কথা উল্লেখ করেন যাতে অপ্রত্যাশিত এলপি গ্যাস চুরি রোধ করা যায়।

(ii) বিপণন কোম্পানিসমূহের প্রতিনিধিগণ চট্টগ্রামস্থ প্রধান স্থাপনা হতে জেট ফুয়েল সরবরাহ করার পর বিমান বন্দরে গ্রহণকালে বা দেশের অন্যান্য ডিপোসমূহে স্থানান্তরের সময় লসজনিত কারণে কার্গো ঘাটতি রোধে ট্যাংক লরী বা কোস্ট্যাল ট্যাংকারসমূহকে Vehicle Tracking System এর আওতায় আনার কথা উল্লেখ করেন।

(iii) এছাড়া ডিপোসমূহে অপারেশনাল কার্যক্রম সূষ্ঠভাবে মনিটরিং এর জন্য বিদ্যমান CC camera গুলোতে Security Alarm যুক্ত করা যেতে পারে মর্মে জানান। আলোচনান্তে সভাপতি বর্ণিত বিষয়গুলোকে ২০১৯-২০ সালের উদ্ভাবনী উদ্দোগের তালিকায় রেখে পাইলটিং এর আওতায় এনে অগ্রসর হওয়ার বিষয়ে অনুরোধ করেন।

(iv) উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধিসহ ইনোভেশন কার্যক্রম-কে গতিশীল করার লক্ষ্যে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ইনোভেশন টিমের কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি উপস্থাপিত হলে বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের কর্মকর্তার জন্য বিআইএম এর চট্টগ্রাম ক্যাম্পাসে আগামী মাসে ০১ (এক) দিনব্যাপী কর্মশালার আয়োজন করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। সভাপতি পরবর্তীতে চট্টগ্রামের বাহিরে ০৫ (পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষনের বিষয় জানতে চাইলে সদস্য সচিব অবহিত করেন যে, পর্যাপ্ত বাজেট না থাকায় চলতি অর্থ বছরে ০৫ (পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষনের আয়োজন করা সম্ভবপর হচ্ছে না। তবে আগামী অর্থ বছরের শুরুর্তেই ০৫ (পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষন আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ প্রেক্ষিতে তিনি কোম্পানিসমূহের সহযোগিতা কামনা করেন।



### ৩.০ সিদ্ধান্তঃ

প্রণয়নকৃত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (ক) ২০১৯-২০ সালের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার তালিকা প্রস্তুত করতে হবে।
- (খ) উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০১ (এক) দিনব্যাপী কর্মশালা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেক্ষেত্রে কোম্পানিসমূহ ন্যূনতম ০৩ (তিন) জন কর্মকর্তার নাম মনোনয়নপূর্বক বিপিসি'তে প্রেরণ করবে।
- (গ) যে সকল কোম্পানি এখনও মেন্টি নির্বাচনপূর্বক নাম বিপিসি'তে প্রেরণ করেনি তা অতি সত্তর প্রেরণ করতে হবে।
- (ঘ) বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ স্ব-স্ব প্রতিষ্ঠানের সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে।
- সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(কাজী মোহাম্মদ হোসান)  
সচিব  
ফোনঃ ০৩১-৭১৬৪১৩